

সার্কুলার নং: বিজিএমইএ/4152/২০২৬/২৭০

তারিখ: ২৪/১০/২০২৬

সম্মানিত সকল সদস্যবৃন্দের অবগতির জন্য

বিষয়: পাকিস্তানের করাচিভিত্তিক S.M. Traders-এর বিষয়ে পূর্বে জারিকৃত সতর্কতামূলক বিজ্ঞপ্তি (সার্কুলার নং: বিজিএমইএ/২০২৬/৪১৫২/৫৬৮১) প্রত্যাহার প্রসঙ্গে।

এতদ্বারা বিজিএমইএ-এর সকল সম্মানিত সদস্যের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Sterling Designs Ltd. এবং পাকিস্তানের করাচিভিত্তিক S.M. Traders-এর মধ্যে বিদ্যমান বিরোধটি পারস্পরিক আলোচনা ও সমঝোতার মাধ্যমে সৌহার্দ্যপূর্ণভাবে নিষ্পত্তি হয়েছে।

এ প্রেক্ষিতে, Sterling Designs Ltd. কর্তৃক বিজিএমইএ বরাবর একটি অনাপত্তিপত্র (NOC) প্রদান করা হয়েছে, যেখানে বিজিএমইএ-এর সদস্যভুক্ত প্রতিষ্ঠানগুলোর সঙ্গে S.M. Traders-এর ব্যবসা-বাণিজ্য পরিচালনার বিষয়ে কোনো আপত্তি নেই মর্মে নিশ্চিত করা হয়েছে।

এমতাবস্থায়, S.M. Traders কর্তৃক উক্ত বিরোধটি সন্তোষজনকভাবে নিষ্পত্তি করায় S.M. Traders-কে বিষয়োক্ত সার্কুলারের আওতা থেকে অব্যাহতি প্রদান করা হলো।

অতএব, সকল সম্মানিত সদস্যকে সার্কুলার নং: বিজিএমইএ/২০২৬/৪১৫২/৫৬৮১-এর মাধ্যমে পূর্বে জারিকৃত সতর্কতামূলক বিজ্ঞপ্তিটি প্রত্যাহার করা হয়েছে মর্মে গণ্য করার এবং সংশ্লিষ্ট বিষয়ে উক্ত বিজ্ঞপ্তিটি আর বিবেচনায় না নেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

বিজিএমইএ সংশ্লিষ্ট সকল পক্ষের সহযোগিতার জন্য আন্তরিকভাবে কৃতজ্ঞ এবং তৈরি পোশাক শিল্পে একটি ন্যায্য, স্বচ্ছ ও ব্যবসাবান্ধব পরিবেশ বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ।

আপনাদের সদয় সহযোগিতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে,



মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অব.)

মহাসচিব